# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"

স্থাপিত - ১৯৮৪

BOESL

স্মারক নং- ৪৯.০২.০০০০.০০০.১১.০০৩.২২-২৯১৯ তারিখ ঃ ২২.০৯.২০২৬ খ্রিস্টাব্দ

বোয়েসেল- এর মাধ্যমে জর্ডানস্থ **Classic Fashion** কোম্পানিতে নিম্নবর্ণিত পদে দক্ষ পুরুষ কর্মী নিয়োগ করা হবে :

| ক্রমিক নং | পদের নাম | লিঙ্গ | পদ সংখ্যা | বয়স (বছর) | বেতন (জর্ডানি দিনার) | শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা | আবেদনের মাধ্যম |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ওয়েস্ট ব্যান অটো মাউথ ক্লোস কানসাই অপারেটর | পুরুষ | ২৫ | ২৩- ৩৮ | ৩০০ | সংশ্লিষ্ট কাজে (গার্মেন্টস ফ্যাক্টরিতে) সর্বনিম্ন ০৫ বছরের অভিজ্ঞতা। (কাজের ভিডিও আবশ্যক) | **অনলাইন।** **অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ টাকা চার্জ পরিশোধ করতে হবে** |

**চাকরির শর্তাবলি:**

(১) চাকরির চুক্তি ৩ (তিন) বৎসর (নবায়নযোগ্য)।
(২) দৈনিক ০৮ (আট) ঘণ্টা ডিউটি, ০২ (দুই) ঘণ্টা ওভারটাইম, সপ্তাহে ৬ (ছয়) দিন।
(৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে।
(৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফিরে আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
(৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো ফৌজদারি মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত হবে।
(৬) একাধিক পাসপোর্ট থাকলে সঙ্গে আনতে হবে।
(৭) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

**বোয়েসেল- এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ :**

নির্বাচিত কর্মীদের **বোয়েসেল- এর সার্ভিস চার্জ, বহির্গমন ট্যাক্স, সার্ভিস চার্জের ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, জীবন বিমা এবং ওয়েজ আর্নার্স কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ কোম্পানি বহন করবে।** তবে মেডিকেল ফি ও ফিঙ্গার প্রিন্টের ফি নির্বাচিত কর্মীদের বহন করতে হবে। জর্ডানে গমন করার পূর্বে প্রার্থীর মেডিকেল ফি ও ফিঙ্গার প্রিন্টের ফি বাবদ খরচের টাকা কোম্পানি কর্তৃক কর্মীকে ফেরত প্রদান করা হবে।

**সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে :**

(১) ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা) (২) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ১০ (দশ) সেট রঙিন ফটোকপি (৩) ভোটার আইডি কার্ড / জন্ম নিবন্ধন (৪) শিক্ষাগত / অভিজ্ঞতার সনদ (যদি থাকে) (৫) Bio-data (জীবন বৃত্তান্ত)। আগ্রহী প্রার্থীদের নিম্নোলিখিত লিংক এর মাধ্যমে আবেদন করতে হবে। **আগ্রহী প্রার্থীদের উল্লিখিত কাগজপত্রসহ আগামী ২৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. তারিখ শনিবার সকাল ৮.০০ টায় সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য বাংলাদেশ কোরিয়া টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, দারুস সালাম মিরপুর, ঢাকা এ উপস্থিত থাকতে অনুরোধ করা হলো।**

এ সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য ০২৪৮৩১৯১২৫ ও ০২৪৮৩১৭৫১৫ এবং প্রবাস বন্ধু কল সেন্টার ঃ ১৬১৩৫ [টোল ফ্রি] নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

**অনলাইনে আগামী ২৫ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ বিকাল ০৪:০০ টা পর্যন্ত আবেদন করা যাবে।নির্ধারিত তারিখ ও সময় পরে সিস্টেমটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।**

**বি.দ্র. ইন্টারভিউ এর সময় অবশ্যই সংশ্লিষ্ট কাজের কমপক্ষে ১০ মিনিটের ভিডিও (মুখমন্ডলসহ ) সঙ্গে নিয়ে আসতে হবে।**

২২.০৯.২৬ ২১/০৯/২৬

মোঃ হাবীবুল্লাহ খান ব্যবস্থাপক বোয়েসেল, ঢাকা

উপ-ব্যবস্থাপক (রে.নি.) বোয়েসেল, ঢাকা

অনলাইন আবেদন লিংক: **https://brms.boesl.gov.bd/**


**অফিস ঠিকানা:**
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015

**যোগাযোগ নম্বর :**
ফোন : +৮৮-০২-৪৮৩১৯১২৫ (পিএবিএক্স)
মোবাইল : +৮৮-০১৭৬৫৪১১৬৫৩
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd
রবিবার থেকে বৃহস্পতিবার (সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা।